কৃষি বিষয়ে গুচ্ছ পদ্ধতিতে স্নাতক ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫

পরীক্ষার তারিখ ও সময়: ১২ এপ্রিল ২০২৫ শনিবার, বিকাল: ৩:০০-৪:০০ ঘটিকা

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলি

১. কালো কালির বলপেন দ্বারা OMR Sheet-এর যাবতীয় লেখা ও বৃত্ত ভরাট করতে হবে।

২. অত্যন্ত সতর্কতার সাথে OMR Sheet এ রোল, পিন ও সেট কোড লিখে সংশ্লিষ্ট বৃত্ত ভরাট করতে হবে; এতে কোনো প্রকার ঘষামাজা বা ভাঁজ হলে OMR Sheet বাতিল হবে। পরীক্ষার্থীরা প্রশ্নপত্র হাতে পাওয়ার পর সেট কোড লিখবে ও সংশ্লিষ্ট বৃত্ত ভরাট করবে।

৩. পরীক্ষার হলে প্রবেশপত্র ব্যতীত কোনো কাগজ, পেন্সিল, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি, ব্লু-টুথ বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখা যাবে না।

৪. পরীক্ষার সময় ১ ঘন্টা, মোট নম্বর ১০০। **প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর প্রাপ্য হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।**

৫. পরীক্ষা শেষে ব্যবহৃত OMR Sheet পরিদর্শক কর্তৃক বুঝে না পাওয়া পর্যন্ত পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে বসে থাকবে।

৬. পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীর দুই কান খোলা রাখতে হবে।

পরিদর্শকদের জন্য নির্দেশাবলি

পরীক্ষা শুরুর পূর্বে

১. প্রধান পরিদর্শক কেন্দ্র প্রধানের নিকট হতে পরীক্ষা শুরুর ৪৫ মিনিট পূর্বে পরীক্ষা সামগ্রী বুঝে নিবেন এবং দুপুর ২:৩০ ঘটিকার মধ্যে পরীক্ষা কক্ষে উপস্থিত থাকবেন। কোন ক্রমেই ২:৫০ ঘটিকার পূর্বে প্রশ্নপত্রের খাম খোলা যাবে না।

২. পরীক্ষার্থীরা দুপুর ২:৩০ ঘটিকা হতে পরীক্ষা কক্ষে প্রবেশ করবে।

৩. পরীক্ষার্থীরা যেন ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি, ব্লু-টুথ বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস পরীক্ষার হলে সঙ্গে না রাখে সেটি নিশ্চিত করবেন।

৪. দুপুর ২:৪০ ঘটিকায় পরীক্ষার্থীদের প্রতি নির্দেশনাসমূহ অবহিত করবেন এবং ২:৪৫ ঘটিকায় OMR Sheet বিতরণ করবেন।

৫. পরীক্ষা শুরুর ৫ মিনিট পূর্বে অর্থাৎ ২:৫৫ ঘটিকায় প্রধান পরিদর্শক পরিদর্শকগণের নিকট প্রশ্নপত্র বুঝিয়ে দিবেন এবং ৩:০০ ঘটিকায় পরিদর্শকগণ প্রশ্নপত্র বিতরণ করবেন।

৬. বাংলা মাধ্যম পরীক্ষার্থীদের জন্য প্রশ্নপত্রে ২ টি সেট (A ও B) এবং ইংরেজী মাধ্যম পরীক্ষার্থীদের জন্য ১ টি সেট (C) থাকবে। প্রশ্নপত্র বিতরণের সময় পাশাপাশি দুই জন পরীক্ষার্থী যেন একই সেটের প্রশ্নপত্র না পায় সে বিষয়ে লক্ষ্য রাখবেন।

পরীক্ষা চলাকালীন

১. সরবরাহকৃত উপস্থিতিপত্র বা হাজিরাশীটে পরীক্ষার্থীর নাম ও ছবি প্রবেশপত্রের সাথে মিলিয়ে নির্ধারিত স্থানে পরিদর্শক পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন। কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত থাকলে উপস্থিতিপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষরের স্থানে পরিদর্শক Absent লিখবেন।

২. সকল তথ্য মিলিয়ে দেখে পরীক্ষার্থীর প্রবেশপত্রে এবং উপস্থিতিপত্রে নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন।

৩. OMR Sheet-এ রোল, পিন ও সেট কোড লেখা এবং সংশ্লিষ্ট বৃত্তগুলো সঠিকভাবে ভরাট করা হয়েছে কি না তা যাচাই করে নির্দিষ্ট স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন।

৪. পরীক্ষা শুরুর ১০ মিনিট পর অর্থাৎ ৩:১০ ঘটিকার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া যাবে না।

৫. পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।

৬. পরিদর্শকগণ পরীক্ষা শুরুর ১৫ মিনিট পর পর পরীক্ষার্থীদেরকে সময় সম্পর্কে অবহিত করবেন।

৭. কোনো প্রশ্নে ভুল থাকার অভিযোগ পেলে পরীক্ষার্থীকে এ ব্যাপারে নিজে যেটা সঠিক মনে করে সেটাই উত্তর দেওয়ার জন্য বলবেন।

৮. কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে বিবরণসহ তার উত্তরপত্র (OMR Sheet) পৃথকভাবে অঞ্চল প্রধানের নিকট বুঝিয়ে দিবেন।

৯. পরীক্ষা চলাকালীন কোনো সমস্যার উদ্ভব হলে স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার কেন্দ্র প্রধানের সাথে যোগাযোগ করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

১০. ব্যবহৃত প্রশ্নপত্র পরীক্ষার্থীদের নিকট থেকে ফেরত নেওয়ার প্রয়োজন নেই।

১১. পরিদর্শকগণ বা অন্য কেউই প্রশ্নপত্রের ছবি তুলতে পারবেন না।

পরীক্ষা শেষে

১. পরীক্ষা শেষে পরিদর্শকবৃন্দ নিম্নোক্ত উপকরণগুলো কেন্দ্র প্রধানকে বুঝিয়ে দিবেনঃ

- ব্যবহৃত উত্তরপত্র (OMR Sheet) সংগ্রহ করার পর উপস্থিত পরীক্ষার্থীর সংখ্যার সাথে উত্তরপত্রের সংখ্যা মিলিয়ে দেখবেন এবং রোল নম্বরের ক্রম অনুযায়ী সাজিয়ে সেগুলো ব্যবহৃত OMR Sheet এর জন্য নির্ধারিত খামে (সবুজ ফন্ট কালার এবং বাম পার্শ্বে উপরে সবুজ রং এর ২টি দাগ) ভরে খামের মুখ বন্ধ করার পর নির্ধারিত ছক পূরণ করে খামের উপর স্বাক্ষর করবেন।
- অব্যবহৃত OMR Sheet নির্ধারিত খামে (লাল ফন্ট কালার এবং বাম পার্শ্বে লাল রং এর ২টি দাগ) ভরে খামের মুখ বন্ধ করার পর নির্ধারিত ছক পূরণ করে খামের উপর স্বাক্ষর করবেন।
- হাজিরাশীট ও সামারিশীট নির্ধারিত ফেরত খামে (নীল ফন্ট কালার এবং বাম পার্শ্বে নীল রং এর ২টি দাগ) ভরে খামের মুখ বন্ধ করার পর নির্ধারিত ছক পূরণ করে খামের উপর স্বাক্ষর করবেন।
- অব্যবহৃত প্রশ্নপত্রসমূহ সরবরাহকৃত প্রশ্নপত্রের খামেই ফেরত দিবেন।

২. স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার কেন্দ্র প্রধান ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র নির্ধারিত ছক পূরণ করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ প্রতিনিধিকে বুঝিয়ে দিবেন।

জরুরি প্রয়োজনে

* সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানের মাধ্যমে কেন্দ্রীয় কন্ট্রোল রুমে (মোবাইল নম্বর: ০১৭১১-৯০৬৫১৫, ০১৭৪৫-৭৪৮৮৪৯, ০১৮৫৭-৪৮৮০৪৬, ০১৭৬১-৭১২৬৮৮) যোগাযোগ করতে পারেন।